

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫৩৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮৩. বসে নামায পড়া অপেক্ষা দাঁড়িয়ে নামায পড়ার ফযীলাত বেশি এবং বসে নামায আদায়কারীর পিছনে সুস্থ ব্যক্তির নামায পড়া

بَابُ فَضْل مِلَاةِ الْقَائِمِ عَلَى صَلَاةِ الْقَاعِدِ، وَكَيْفِيَّةِ صَلَاةِ الصَّحِيحِ خَلْفَ الْجَالِس

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ عَبَّاسٍ الْبَغَوِيُّ ، ثَنَا حَمَّادُ بْنُ الْحَسَنِ ، ثَنَا أَبُو عَامِرٍ ، ثَنَا خَالِدُ بْنُ إِيْرَاهِيمُ بْنُ عُبَيْدِ بْنِ رِفَاعَة قَالَ : دَخَلْتُ عَلَى جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ فَوَجَدْتُهُ يُصَلِّي بِأَصْحَابِهِ جَالِسًا ، فَلَمَّا انْصَرَفَ سَأَلْتُهُ عَنْ ذَلِكَ فَقَالَ : قُلْتُ لَهُمْ : إِنِّي لَا يُصَلِّي بِأَصْحَابِهِ جَالِسًا ، فَلَمَّا انْصَرَفَ سَأَلْتُهُ عَنْ ذَلِكَ فَقَالَ : قُلْتُ لَهُمْ : إِنِّي لَا يُصَلِّي بِأَصْحَابِهِ جَالِسًا ، فَلَمَّا الْمَعَرَفَ سَأَلْتُهُ عَنْ ذَلِكَ فَقَالَ : قُلْتُ لَهُمْ : إِنِّي لَا أَسْتَطِيعُ أَنْ أَقُومَ فَإِنْ أَرَدْتُمْ أَنْ تُصَلُّوا بِصَلَاتِي فَاجْلِسُوا ، فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ _ مَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يَقُولُ : " إِنَّمَا الْإِمَامُ جُنَّةٌ فَإِنْ صَلَّى قَائِمًا فَصَلُوا قِيَامًا وَإِنْ صَلَّى جَالِسًا فَصَلُوا جُلُوسًا

বাংলা

১৫৩৩(৪). আহমাদ ইবনে আব্বাস আল-বাগাবী (রহঃ) ... ইবরাহীম ইবনে উবায়েদ ইবনে রিফাআ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ)-র নিকট প্রবেশ করে তাকে তার সাথীদের নিয়ে বসে বসে নামায আদায়রত অবস্থায় পেলাম। তিনি নামায শেষ করলে আমি তাকে এই সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বলেন, আমি তাদের বলেছি, আমার দাঁড়ানোর শক্তি নেই, যদি তোমরা আমার সাথে নামায পড়তে চাও তাহলে তোমরা বসা অবস্থায় নামায পড়ো। কারণ আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ ইমাম হলো ঢালস্বরূপ। যদি ইমাম দাঁড়িয়ে নামায পড়ায় তবে তোমরাও দাঁড়িয়ে নামায পড়ো। আর যদি সে বসে নামায পড়ায় তবে তোমরাও বসে নামায পড়ো।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইবরাহীম ইবনে উবায়েদ ইবনে রিফাআ (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন